গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট,২০২২ 'জাতীয় শোক দিবস' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)।
সভার তারিখ : ০৭ আগস্ট, ২০২২ খ্রিঃ
সভার সময় : বিকাল ৩.০০ মিনিট
স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লিফট-১৩)।
উপস্থিতি : **পরিশিষ্ট-ক।**

সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্ট,১৯৭৫ জাতির পিতার পরিবারের যে সকল সদস্য শহীদ হয়েছেন তাদের আত্নার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব) জনাব মিনা মাসুদ উজ্জামান শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট,২০২২ 'জাতীয় শোক দিবস,২০২২' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি/ সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করেন। সভাপতি ১৫ আগস্ট,২০২২ তারিখে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের সুচিন্তিত মতামত তুলে ধরেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সামনে ১৫ আগস্ট সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ব্যাপারে আলোচনা হয়। | ১৫ আগস্ট,২০২২ জাতীয় শোক দিবস,২০২২ উপলক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সামনে ১৫ আগস্ট সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)। |

চলমান পাতা-

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | ব্যানার প্রদর্শন। | ১৫ আগস্ট,২০২২ জাতীয় শোক দিবস,২০২২ উপলক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সামনে বড় ব্যানার প্রদর্শনের ব্যাপারে আলোচনা হয়। | ১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সামনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বড় ব্যানার প্রদর্শন করার ব্যবস্থা নিতে হবে। | ১। জনাব মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)। |
| ০৩ | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | ১। স্বাস্থ্যবিধি মেনে এই অধিদপ্তরের মহাপরিদর্শক মহোদয়ের নেতৃত্বে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ব্যানারে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে আগামী ১৫ আগস্ট,২০২২ তারিখে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ লক্ষ্যে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ধানমন্ডির রাসেল স্কয়ারে (লাজফার্মার বিপরীতে) সকাল ১১.৩০ টায় সমবেত হবেন।<br><br>২। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ফুলের তোড়া ও ব্যানার লাগবে। | ১। সকল কর্মকর্তা-কর্মচারীদের ১৫ আগস্ট,২০২২ তারিখে ধানমন্ডির রাসেল স্কয়ারে (লাজফার্মার বিপরীতে) সকাল ১১.৩০ টায় উপস্থিত থাকতে হবে।<br><br>২। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য ফুলের তোড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বড় ব্যানার প্রস্তুত করার ব্যবস্থা নিতে হবে। | ১। জনাব মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)।দ |
| ০৪ | পবিত্র কুরআন খানি ও এতিমখানায় খাবার পরিবেশন। | অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব) মতামত জানান যে, মীরপুরস্থ এতিমখানায় এতিমদের মাঝে খাবার বিতরণ করা যেতে পারে এবং ২ নং কলামে বর্ণিত পবিত্র কুরআন খানি ও এতিমখানায় খাবার সরবরাহের জন্য উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা),উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং জনাব আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)এর সমন্বয়ে একটি কমিটি গঠনপূর্বক উক্ত কাজসমূহ করা যেতে পারে। | জাতির পিতা ও তাঁর পরিবারের সকল শহীদ এবং অন্যান্য শহীদদের আত্মার মাগফিরাতের জন্য ১৫ আগস্ট দুপুর ১২.০০ টায় পবিত্র কুরআন খানি ও দোয়া পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কুরআন হাফেজ ও ইমামকে আমন্ত্রণ জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া দুপুর ২.০০ টায় এতিমখানায় খাবার সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। । | ১। জনাব মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)<br><br>২। জনাব মেহেদী হাসান,উপ মহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা)<br><br>৩। জনাব আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)(প্রশাসন ও উন্নয়ন শাখা) |

চলমান পাতা-

| ক্র: নং | কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| ০৫ | বিবিধ | শ্রম অধিদপ্তরে ২২ আগস্ট,২০২২ তারিখে বিকাল ৩.০০ টায় সেমিনার কক্ষে (লিফট-৩) জাতীয় শোক দিবস,২০২২ উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত থাকবেন। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)। |

২।সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮ ২১/৮/২২
ig@dife.gov.bd

স্মারক নং- ৪০.০১.১০১.০০০০০.০৬.০১৫.১৭ তারিখ: ১১/০৮/২০২২ খ্রি

**অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্ম মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য/সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৬। শ্রম পরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য/সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৭। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি/ গার্ড ফাইল।

২১/৮/২০২২
(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)
ফোন-০২-৮৩৯১৫৯৭
dig.admin@dife.org.bd